# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | JANUARY 2024 | No. 11


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

যিরমিয় ৩১:২৩-২৮

২৩। বাহিনীগণের সদাপ্রভু, ইস্রায়েলের ঈশ্বর, এই কথা বলেন, “আমি যখন তাদের বন্দিত্ব থেকে ফিরিয়ে আনি, যিহূদা ও তার নগরগুলির লোকেরা পুনরায় এই কথাগুলি ব্যবহার করবে, ‘হে ধার্মিকতার নিবাস, হে পবিত্র পর্বত, সদাপ্রভু তোমাকে আশীর্বাদ করুন।

২৪। যিহূদা ও তার সমস্ত নগরে, লোকেরা একসঙ্গে বসবাস করবে, কৃষকেরা ও যারা তাদের পশুপাল নিয়ে ঘুরে বেড়ায়, তারা সকলে করবে।

২৫। আমি ক্লান্তদের সতেজ করব এবং অবসন্ন প্রাণকে তৃপ্ত করব।

২৬। এতে আমি জেগে উঠে চারপাশে তাকালাম। আমার নিদ্রা আমার কাছে আরামদায়ক ছিল।

২৭। সদাপ্রভু বলেন, “সেই দিনগুলি আসন্ন, যখন আমি মানুষের বংশধর ও পশুদের দিয়ে ইস্রায়েলের কুল ও যিহূদার কুলকে প্রতিষ্ঠিত করব।

২৮। যেভাবে আমি তাদের উপর দৃষ্টি রেখে তাদের উৎপাটন করেছি ও ছিঁড়ে ফেলেছি, তাদের ছুঁড়ে ফেলেছি, ধ্বংস ও বিপর্যয় নিয়ে এসেছি, সেভাবেই আমি তাদের রোপণ ও গঠন করার প্রতিও দৃষ্টি দেব,” সদাপ্রভু এই কথা বলেন।

## “আমার প্রজারা আমার প্রাচুর্যে পরিপূর্ণ হবে, সদাপ্রভু এই কথা বলেন” (যিরমিয় ৩১: ১৪)



আচার্য অ্যাঞ্জেলীন সেলভাকুমারী

**YOU SHALL BE SATISFIED WITH MY GOODNESS! says the Lord - Jeremiah 31:14.**

**যারা তাদের জীবনে ২০২৪ সালে যা ঘটবে তা জানার জন্য আগ্রহী ঈশ্বর তাদের সঙ্গে এই বাণীটির মাধ্যমে সংযোগ করবেন। অনুগ্রহ করে মনোযোগ দিয়ে পাঠ করুন। — অনারারী এডিটর-ইন-চীফ রেভাঃ অ্যাঞ্জেলীন সেলভাকুমারী।**

আমাদের সমস্ত আহ্বানের প্রতিধ্বনি পরিবারের সদস্যদের সুখী এবং আশীর্বাদযুক্ত নববর্ষের প্রীতি এবং শুভেচ্ছা জানাই।

আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির প্রতি আপনাদের অবিরত সাহায্যের জন্য আপনাদের ধন্যবাদ জানাই। তাঁর সমস্ত মঙ্গলের জন্য তাঁর প্রতি আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপনের উদ্দেশ্যে ঈশ্বর আরেকটি বছর আমাদের তাঁর অনুগ্রহে আমাদের আশীর্বাদযুক্ত করেছেন। আপনাদের অবিরত প্রার্থনা এবং ভালোবাসার দানের কারণেই আমরা সারা পৃথিবীর হাজার হাজার লোকদের কাছে পৌঁছাতে সক্ষম হচ্ছি। আপনাদের সাহায্যের জন্য আমরা চিরকাল আপনাদের কাছে কৃতজ্ঞ থাকবো। সারা পৃথিবীতে সুসমাচারের আশা সম্প্রসারিত করার উদ্দেশ্যে আপনার সময় এবং আপনার ক্রন্দনপূর্ণ প্রার্থনা বিনিয়োগ করার জন্য ঈশ্বর কেবল আপনাকেই আশীর্বাদ করবেন না কিন্তু তিনি আপনার ভবিষ্যত বংশকেও নিশ্চয় আশীর্বাদ করবেন। এটিই হচ্ছে তাঁর লোকদের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞা। এই মহান কাজ চালিয়ে নিয়ে যাওয়ার জন্য আসুন আমরা একসঙ্গে হাত মিলাই। *ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

**৫ মিনিটের বাণী!!**

**তামিল এবং তেলেগু - ভোর ৫টা**

**তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০**

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran
EDITOR, PUBLISHER & PRINTER

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com
YOUTUBE CHANNEL
Echo of His Call

**“ফসলের সম্ভারে তুমি বছরকে মুকুটে ভূষিত করছ...” — গীত ৬৫:১১**

প্রভুতে প্রিয় ভাই ও বোনেরা,

**অনুগ্রহ এবং শান্তি তোমাদের উপরে প্রচুররূপে বর্ষিত হোক** - ১ পিতর ১:২



**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম।**

এই সম্পাদকীয় কলাম লেখার সুযোগ আমাকে দেওয়ার জন্য আমি ঈশ্বরের কাছে কৃতজ্ঞ। আমার পিতা পাস্টর, স্যাম সেলভা রাজ, সুসমাচার অভিযান যাত্রায় এবং পরিচর্যার অন্যান্য দায়িত্ব পালনে অত্যধিক ব্যস্ত, সেই কারণে তিনি আমার উপর এই দায়িত্বভার অর্পণ করেছেন। বিগত কয়েক দশক যাবৎ আমাদের প্রতি আপনাদের ভালোবাসা এবং অংশীদারত্বের বিষয়টিকে আমি আন্তরিকভাবে তারিফ করছি।

গত ২০২৩ সালের ডিসেম্বর মাস যাবৎ সদাপ্রভু আমাদের অসংখ্য সুসমাচার অপ্রসারিত ব্যক্তিদের কাছে পৌঁছানোর অপূর্ব সুযোগ করে দিয়েছিলেন। আমাদের নতুন বছরের উপাসনা সভাগুলিও ঈশ্বরের আশীর্বাদে পরিপূর্ণ। আমরা আস্থাবান যে ২০২৪ সালও আপনার এবং আপনার পরিবারের জন্য আরও অধিক ফলপ্রসূ আশীর্বাদ আনবে।

আমরা নিয়মিত আপনার জন্য প্রার্থনা করি এবং ইংরাজী, তামিল, হিন্দি, এবং তেলুগু ভাষায় সম্প্রচারিত আমাদের **আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলের** মাধ্যমে আমাদের দৈনিক অনুধ্যানে আপনাদের বিষয়



**নহিমিয় বাইবেল কলেজের নেতৃবৃন্দ**

সহভাগিতা করি। এছাড়াও, আরও অন্যান্য ভাষায় কথা বলা লোকদের কাছেও পৌঁছানোর জন্য আমরা চেষ্টা করছি। **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** উন্নতির জন্য আমরা আন্তরিকভাবে আপনাদের অবিরত প্রার্থনা কামনা করছি।

তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির জন্য আপনাদের প্রার্থনা এবং সাহায্যের বিষয়টিকে আমরা গভীরভাবে প্রশংসা করছি। এই বিষয়ে, আমরা আপনাকে আমাদের নহিমিয় বাইবেল কলেজের বিষয়টি স্মরণ করাতে চাই,

যেখানে সম্প্রতি তামিল এবং হিন্দি ভাষায় ক্লাসগুলি পরিচালনা করা হচ্ছে। আমরা যেহেতু নতুন বছরে প্রবেশ করেছি, সেহেতু আমরা ইংরাজী ভাষাতেও আমাদের কলেজটি সম্প্রসারিত করার পরিকল্পনা করছি। আমরা এটি ঘোষণা করতে পেরে রোমাঞ্চিত হচ্ছি যে সম্মানীয় আনুষ্ঠানিক স্বীকৃতি দানকারী সংস্থা-এশিয়া থিওলজিকাল এ্যাসোশিয়েশন কর্তৃক স্বীকৃতি লাভের চূড়ান্ত পর্যায়ে পৌঁছে গিয়েছি। ইতিমধ্যেই আমরা তাদের কাছ থেকে স্বীকৃতির জন্য নথিভুক্ত সদস্যপদ লাভ করেছি। অনুগ্রহ করে আমাদের সহকর্মীদের জন্য প্রার্থনা করবেন যেহেতু তারা কার্যকরীভাবে নহিমিয় বাইবেল কলেজটি পরিচালনা করছেন এবং এটিকে পরবর্তী স্তরে উন্নিত করতে আমাদের সাহায্য করছেন।

এছাড়াও, আমাদের সমস্ত পরিচর্যাগুলির জন্য অবিরত প্রার্থনা করুন, যেমন আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যগুলি, ১৬টি ভাষায় প্রকাশিত মাসিক সংবাদপত্র, বিভিন্ন ভাষায় পরিচালিত মণ্ডলীগুলি, বাইবেলকোর ডাকযোগে বাইবেল পাঠক্রমগুলি, থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সগুলি, সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, গসপেল প্রিণ্টিং প্রেস এবং আমাদের প্রাসঙ্গিক এবং চুক্তিবদ্ধ পরিচর্যাগুলি।

**"সদাপ্রভু তোমাদের আশীর্ব্বাদ করুন ও তোমাদের রক্ষা করুন; সদাপ্রভু তোমাদের প্রতি প্রসন্ন-মুখ হোন ও তোমাদের প্রতি সদয় হোন; সদাপ্রভু তোমাদের প্রতি তাঁর মুখ ফেরান ও তোমাদের শান্তি দিন"** - গণনা ৬: ২৪-২৬

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : sam@echoofhiscall.org

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

আমি প্রার্থনা করি যে প্রভু যেন আপনাকে প্রতিনিয়ত ঈশ্বরীয় প্রজ্ঞা, জ্ঞান, সুস্বাস্থ্য, শক্তি, এবং মানসিক শান্তিসহ এই পৃথিবীকে দেখার প্রজ্ঞা দেন। মোটের উপর, তিনি আপনাকে তাঁর প্রাচুর্যে পরিপূর্ণ করবেন।

বাইবেল বলে, **"...আমার প্রজারা আমার প্রাচুর্যে পরিপূর্ণ হবে" (যিরমিয় ৩১:১৪)।**

বছরের শুরুতে ধরে থাকার জন্য কী সুন্দর প্রতিজ্ঞা! আমার প্রজারা আমার "প্রাচুর্যে" "পরিপূর্ণ" হবে। এর অর্থ হচ্ছে যে আমি অতৃপ্ত, অথবা অভাবী হবো না। এ বছর আমার ঈশ্বর আমার সমস্ত প্রয়োজনগুলি পূরণ করবেন। এ বছর আমার কাছে ঈশ্বরের প্রাচুর্যতার এবং তিনি যা দেবেন তার দ্বারা পরিপূর্ণ হওয়ার অভিজ্ঞতা লাভ করার বছর হবে। **"...কোনো চোখ যা দেখেনি, কোনো কান যা শোনেনি, কোনো মানুষের মনে যা উদয় হয়নি, যারা তাঁকে ভালোবাসে, ঈশ্বর তাদের জন্য তাই প্রস্তুত করেছেন"** (১ করি ২:৯)। এই ভাবে ঈশ্বর এ বছর আমাদের পরিচালিত করবেন। আপনি কি উত্তেজনা অনুভব করছেন না? আমি অত্যন্ত উত্তেজিত কারণ তিনি তাঁর প্রতিজ্ঞা রক্ষার বিষয়ে বিশ্বস্ত।

## ঈশ্বরের প্রাচুর্যতা

ঈশ্বর, আমাদের স্বর্গীয় পিতা, ইতিমধ্যেই তিনি আমাদের অসংখ্য উত্তম দ্রব্যে আশীর্বাদযুক্ত করেছেন। যাইহোক, শয়তান আমাদের মনকে পরিচালিত করার এবং আমাদের ধারণাকে বিকৃত করার চেষ্টা করে, যার ফলে আমরা আমাদের চারপাশের আশীর্বাদগুলোকে দেখতে পাই না।

এখন আমরা এদন উদ্যানের উদাহরণটি পরীক্ষা করে দেখবো। ঈশ্বর আদম এবং হবাকে আশীর্ব্বাদ করেছিলেন এবং আদি ১:২৫-২৮,৩১ পদে বলেছিলেন,**"এসো, আমরা আমাদের প্রতিমূর্তিতে ও আমাদের সাদৃশ্যে মানুষ তৈরী করি, যেন তারা...উপরে কর্তৃত্ব করে (শাসন করে, আধিপত্য করে)।...ঈশ্বর তাদের আশীর্ব্বাদ করে বললেন, "তোমরা ফলবান হও ও সংখ্যায় বৃদ্ধি লাভ করো; পৃথিবী ভরিয়ে তোলো ও এটি বশে রাখো; সমুদ্রের মাছগুলির উপরে ও আকাশের পাখিদের উপরে এবং প্রত্যেকটি সরীসৃপ প্রাণীর উপরে তোমরা কর্তৃত্ব কোরো।...ঈশ্বর যা যা তৈরী করলেন, তা তিনি দেখলেন, এবং তা খুবই ভালো হল।"**

এছাড়াও, আদি ২: ১৭ পদে ঈশ্বর আদেশ দিয়েছিলেন, **"কিন্তু ভালো-মন্দের জ্ঞানদায়ী গাছের ফল তুমি অবশ্যই খেয়ো না। যদি সেই গাছের ফল খাও, তবে তুমি নিশ্চয় মারা যাবে।"**

ঈশ্বর ঘোষণা করেছিলেন যে সমস্ত কিছুর উপর আমরা কর্তৃত্ব করবো, কিন্তু আজকের পৃথিবীতে, আমরা প্রায়ই অনুভব করি যে আমাদের চারিদিকে সমস্ত কিছু আমাদের উপর আধিপত্য করছে, এর মধ্যে আমাদের ফোনগুলি এবং প্রযুক্তিগুলি অন্তর্ভুক্ত।

শয়তান কীভাবে ঈশ্বরের বাক্যে ভাঁজ দিয়েছিল তা লক্ষ করুন: **"অবশ্যই তোমরা মরবে না...। কারণ ঈশ্বর জানেন যে, যখন তোমরা এটি খাবে, তখন তোমাদের চোখ খুলে যাবে, ও তোমরা ভালো-মন্দ জানার ক্ষেত্রে ঈশ্বরের মতো হয়ে যাবে"** (আদি ৩:৪,৫)।

এখানে, আমরা শয়তানের কথাগুলোর বিকৃতি সাধন দেখতে পাই, তারা মরবে না এই ধারণা দিয়ে সে আদম এবং হবাকে ভুল বুঝিয়ে ছিল, কিন্তু পরিবর্তে তারা ঈশ্বরের মতো হয়ে যাবে। ঈশ্বর তাদের যা দিতে পারেন তার থেকে বৃহত্তর এবং অধিক শক্তিশালী কিছু দেবার বিষয় শয়তান তাদের কাছে উপস্থাপন করেছিল। এই কৌশলটি কেন পরিচিত বলে মনে হয়? এর কারণ হচ্ছে এমনকী আজকের দিনেও, শয়তান লোকদের ঈশ্বরের পথ থেকে বিচ্যুত করার জন্য একই সূত্র প্রয়োগ করে। আমাদের প্রেমময় যীশু যা দিতে চেয়েছেন তার থেকে অধিক শ্রেষ্ঠ, মহত্তর, এবং অধিক পরাক্রমী হিসাবে শয়তান জাগতিক বিষয়গুলিকে উপস্থাপন করে।

পরিশেষে, আদম এবং হবা যখন মন্দ ব্যক্তির কণ্ঠস্বর শুনেছিল, তারা তাদের জীবনের সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় হারিয়েছিল।

**তখন তাঁদের দুজনেরই চোখ খুলে গেল, এবং তাঁরা অনুভব করলেন যে তারা উলঙ্গ —তারা তাদের শান্তি এবং আনন্দ হারিয়ে ফেলেছিল, এবং নিজেদেরকে গোপন করেছিল** (আদি ৩:৭-১০)।

**"...তাই সদাপ্রভু ঈশ্বর তাঁকে এদন বাগান থেকে নির্বাসিত করে সেই ভূমিতে কাজ করার জন্য পাঠিয়ে দিলেন, যেখান থেকে তাঁকে তুলে**

**আনা হয়েছিল"** (আদি ৩:২৩)। **"তোমার জন্য ভূমি অভিশপ্ত হল; আজীবন তুমি কঠোর পরিশ্রম করে তা থেকে খাবার খাবে। তা তোমার জন্য কাঁটাগাছ ও শিয়ালকাঁটা ফলাবে, আর তুমি ক্ষেতের লতাগুল্ম খাবে, যতদিন না তুমি মাটিতে ফিরে যাচ্ছ, ততদিন তুমি কপালের ঘাম ঝরিয়ে তোমার খাবার খাবে..."** (আদি ৩:১৭-১৯)।

তারা ঈশ্বরের মঙ্গলভাব হারিয়ে ছিলেন!!! ঈশ্বরের সঙ্গে সহভাগিতার আনন্দ।

**আনন্দ ঈশ্বরের মঙ্গলভাবের প্রমাণ** — ( প্রেরিত ১৪:১৭)।

তিনি আকাশ থেকে বারিবর্ষণ করে ও ঋতুতে ঋতুতে শস্য উৎপাদন করে তাঁর করুণা প্রদর্শন করেছেন। তিনি আপনাদের প্রচুর খাদ্যসামগ্রী দান করেন ও আপনাদের অন্তরকে আনন্দে পরিপূর্ণ করেন।

আমরা অনেকেই আনন্দ এবং সুখের বিষয় বিভ্রান্ত হয়ে যাই। সুতরাং আমি পার্থক্যটি খোঁজার জন্য গবেষণা করেছিলাম:

- আনন্দ হচ্ছে একটি ছোট শব্দ। সুখ হচ্ছে একটা বড় শব্দ।
- হৃদয়ের মধ্যে আনন্দ থাকে। সুখ মুখের উপর দেখা যায়।
- আনন্দ প্রাণের, সুখ মুহূর্তের জন্য।
- আনন্দ কোনও ব্যক্তির অথবা সাফল্যের মাত্রাকে ছাপিয়ে যায়। সুখ প্রতিক্রিয়া করে।
- আনন্দ শান্তি এবং তৃপ্তিকে সাদরে গ্রহণ করে, আবিষ্কৃত হওয়ার জন্য প্রতিক্ষা করে।
- আনন্দ গভীরে যায় এবং উপচিয়ে পড়ে, যখন সুখ হ্যালোকে আলিঙ্গণ করে।
- আনন্দ হচ্ছে অনুশীলন এবং একটি আচরণের বিষয়। এটি সুচিন্তিত এবং উদ্দেশ্যমূলক। সুখ তার চলার পথে হালকাভাবে আসে এবং যায়।
- আনন্দ হচ্ছে গভীর এবং শাস্ত্রানুসারী।
- "দুশ্চিন্তা করে না, উল্লাস করে।" সুখ হচ্ছে আরামদায়ক। "দুশ্চিন্তা কোরো না, সুখী হও।"
- আনন্দ হচ্ছে একটি অভ্যন্তরীন অনুভূতি। সুখ হচ্ছে একটি বাহ্যিক প্রকাশ।
- আনন্দ ক্লেশ এবং পরীক্ষাগুলোকে সহ্য করে এবং অর্থ এবং উদ্দেশ্যের সঙ্গে সংযোগ স্থাপন করে।
- একজন ব্যক্তি সুখের পশ্চাতে ধাবিত হয় কিন্তু আনন্দকে বেছে নেয়।

প্রায়ই শান্তি এবং আনন্দ পাশাপাশি চলে। যেখানে শান্তি থাকে, সেখানে আনন্দ থাকে এবং যেখানে আনন্দ থাকে, সেখানে শান্তি থাকে। শান্তি এবং আনন্দ যমজ বোনের মতো। আনন্দ ঈশ্বরের একটি মঙ্গলভাব, এবং তিনি প্রতিজ্ঞা করেছেন যে তিনি আমাদের হৃদয় আনন্দে পরিপূর্ণ করার দ্বারা আমাদের পরিতৃপ্ত করবেন।

নহিমিয় ৮:১০ পদে যেমন বলা হয়েছে, **"সদাপ্রভুতে যে আনন্দ, তাই তোমাদের শক্তি।"**

যাইহোক, শয়তান ঈশ্বরের মঙ্গলভাব সম্পর্কে আমাদের ধারণাকে বিকৃত করার চেষ্টা করে, ঠিক যেমন সে হবার সঙ্গে করেছিল। ঈশ্বর আমাদের যা দিয়েছেন, তার থেকে অধিক দেওয়ার বিষয় শয়তান আমাদের প্রলুব্ধ করে, যাতে সে আমাদেরকে নিম্নলিখিত বিষয়গুলির দিকে চালিত করতে পারে:

## ১। অতৃপ্তি!

ঈশ্বর তাদের কাছে যা দান করার বিষয় প্রতিজ্ঞা করেছিলেন সেই বিষয়ে হবা সন্তুষ্ট ছিলেন না। ঈশ্বরের মঙ্গলভাবের বিরুদ্ধে প্রথম শত্রু হচ্ছে অতৃপ্তি। আমরা যখন নিজেদেরকে বলি, "আমার যদি এটা থাকতো" অথবা "আমি আরও চাই," তখন ঈশ্বর আমাদের যা দিয়েছেন সেই বিষয়গুলির জন্য আমরা তাঁর প্রশংসা করি না এবং সন্তুষ্ট হই না, কিন্তু আমরা যদি প্রশংসা করি, তাহলে আমরা আনন্দের অভিজ্ঞতা লাভ করবো।

রোমীয় ১৫:১৩ পদটি আমাদের মনে করিয়ে দেয় যে **"প্রত্যাশার ঈশ্বর তোমাদের সমস্ত আনন্দ ও শান্তিতে পূর্ণ করুন, যেমন তোমরা তাঁর উপরে বিশ্বাস করো, যেন তোমরা পবিত্র আত্মার পরাক্রমের দ্বারা প্রত্যাশায় উপচে পড়ো।"**

অসন্তুষ্টি আমাদের আনন্দকে চুরি করে, যা ঈশ্বর আমাদের কাছে প্রতিজ্ঞা করেছিলেন তার বিরোধী। পরিবর্তে, আমাদের ঈশ্বরের মঙ্গলভাবে সন্তুষ্ট হতে শেখা উচিৎ। এই বছরের শুরুতে ঈশ্বর আমাদের যা দিয়েছেন তাতে আমাদের সন্তুষ্ট থাকতে হবে এবং কৃতজ্ঞ হতে হবে।

## ২। হতাশা!

আমাদের আনন্দ হরণ করার জন্য শয়তানের সৃষ্ট আরেকটি বিভ্রান্তি হচ্ছে "হতাশা"। যেখানেই প্রত্যাশা

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

ECHO OF HIS CALL 1969-2019
REACHING NATIONS

माध्यम: हिन्दी

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd: 1969

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 54 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

Certificate in Ministry
Diploma in Theology

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জানুয়ারী থেকে ১৮ই ফেব্রুয়ারী, ২০২৪)



(অনগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**জানুয়ারী ১৯** : আমাদের প্রধান মণ্ডলীতে এবং শাখা মণ্ডলীগুলোতে বড়দিন এবং নতুন বছর উদযাপন করতে সক্ষম করেছেন। তিনি আমাদের সমস্ত অনুষ্ঠান-গুলি অর্থপূর্ণভাবে এবং প্রভাবপূর্ণভাবে উদযাপন করতে দিয়েছেন।

**দিন ২০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২১:** তিনি আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির পালকদের এবং বরিষ্ঠ নেতাদের আশীর্বাদ করছেন।

**দিন ২২:** তিনি আমাদের **যুব এবং শিশু তত্ত্বাবধান পরিষেবার জন্য বিশ্ব দর্শনকে** আশীর্বাদ করছেন।

**দিন ২৩:** সুসমাচার অপ্রসারিত লোকদের কাছে পৌঁছানোর জন্য ৫ মিনিট বাণী প্রচারসহ আমাদের **ইউ টিউব চ্যানেল পরিষেবাকে** আশীর্বাদ করছেন।

**দিন ২৪: সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ, থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের** সমস্ত কার্যকলাপগুলির জন্য।

**দিন ২৫:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৬:** গত মাসে আমাদের সমস্ত আর্থিক প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**দিন ২৭:** আমাদের ক্ষেত্রগুলিতে কর্মরত মিশনারীদের এবং তাদের পরিবারগুলিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৮:** বহুমুখী পরিচর্যা কাজের মাধ্যমে সুমাচার প্রসারে আমাদের বরিষ্ঠ পালকের অঙ্গীকারবদ্ধতার জন্য।

**দিন ২৯:** আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার** সমস্ত কর্মীদের তাদের পরিবারগুলিকে সুস্বাস্থ্য এবং স্বর্গীয় সুরক্ষা সহ আশীর্বাদ করার জন্য।

**দিন ৩০:** আমাদের মণ্ডলীর সমস্ত কার্যকলাপগুলিতে অংশ গ্রহণ করার জন্য যুবক যুবতীদের উদ্দীপনা দিয়ে আশীর্বাদ করার জন্য।

**দিন ৩১:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**ফেব্রুয়ারী ০১:** আমাদের অংশীদারদের প্রার্থনা এবং আর্থিক সাহায্য সহ আমাদের আশীর্বাদ করার জন্য।

**দিন ০২:** আমাদের সমস্ত সহযোগি সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্বাদ করার জন্য।

**দিন ০৩:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলিতে রবিবারের উপসনা সভায় বাক্যের শক্তির জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং মণ্ডলীগুলির উপর আশীর্বাদ এবং সুরক্ষার জন্য।

**দিন ৫:** আমাদের অফিসের এবং প্রিন্টিংয়ের সমস্ত কর্মীদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৬:** আমাদের **সান্ধ্য এবং আবাসিক নহিমিয় বাইবেল কলেজের** শিক্ষার্থীদের সুরক্ষার জন্য।

**দিন ৭:** আমাদের **আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলে** অন্যান্য ভাষায় পাস্টর এস. স্যাম সেলভা রাজের বাণী সম্প্রচারের জন্য।

**দিন ৮:** আমাদের **নহিমিয় বাইবেল কলেজের** পাঠক্রমগুলি শিক্ষা দানের সঙ্গে এবং অনুবাদের সঙ্গে যুক্ত সহকর্মীদের জন্য।

**দিন ৯:** ইস্রায়েল, প্যালেস্টাইন, রাশিয়া এবং ইউক্রেনে শান্তির জন্য।

**দিন ১০:** কোহা সফট্ ওয়্যারে আমাদের **নহিমিয় বাইবেল কলেজের লাইব্রেরীর** বইগুলোকে আপডেট করার জন্য।

**দিন ১১:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ১২:** পৃথিবীর অর্থনৈতিক মন্দা যেন ঠিক হয়ে যায়।

**দিন ১৩:** মিশনারীদের বিরুদ্ধে এবং ঈশ্বরের দাসদের বিরুদ্ধে হিংস্র কার্যকলাপ যেন বন্ধ হয়ে যায়।

**দিন ১৪:** সারা পৃথিবীর মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য।

**দিন ১৫:** আমাদের বরিষ্ঠ পালকের আত্মজীবনী লেখাটি যেন সফলভাবে সম্পূর্ণ হয়।

**দিন ১৬: আহ্বানের প্রতিধ্বনির ইয়ূথ এবং আউটরীচ্** পরিচর্যাগুলির জন্য।

**দিন ১৭:** এ বছর **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** প্রয়োজনীয় তহবিলের জন্য।

**দিন ১৮:** সারা পৃথিবী থেকে কোরোনা ভাইরাস এবং এর নতুন সংক্রমণগুলিকে নির্মূল করার জন্য।


(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

থাকে সেখানেই প্রচুর হতাশা থাকে।

আমরা প্রায়ই আশা করি যে আমরা যে প্রার্থনাগুলি করি ঈশ্বর যেন ঠিক সেই ভাবেই আমাদের প্রার্থনার উত্তর দেন। যখন আমাদের ইচ্ছাগুলো পূরণ হয় না, তখন আমরা হতাশ এবং নিরুৎসাহিত হয়ে যাই। আমরা যে সমস্যা এবং চ্যালেঞ্জগুলির সম্মুখীন হই, সেই বিষয়গুলি মনে হয় আমাদের টেনে আরও নীচের দিকে নামিয়ে দিচ্ছে, যার ফলে আমরা নিরাশ হয়ে যাই। উদাহরণস্বরূপ, আমরা একটি নির্দিষ্ট চাকরী বা পদোন্নতি কামনা করতে পারি, কিন্তু যখন আমরা এটি লাভ করি, আমরা উপলব্ধি করি যে এটি এর নিজস্ব চ্যালেঞ্জগুলি এবং মানসিক চাপ থেকেই এসেছে। কাজের ভার বিহ্বলকারী বলে মনে হতে পারে, এবং এটি আর আমাদের প্রাথমিক প্রত্যাশাকে সন্তুষ্ট করতে পারে না, যেমন—"আমি ভাবি এটা এরকম হবে", অথবা, "আমার মনে হয় এটা এরকম হওয়া উচিৎ ছিল"।

মানসিক চাপযুক্ত পরিস্থিতিগুলি আমাদের পূরণ না হওয়া প্রত্যাশাগুলির দিকে চালিত করতে পারে, যার ফলে আমরা বিলাপ করতে পারি এবং এই বিষয়টি উপলব্ধি না করেই আমরা অভিযোগ করি। এই প্রক্রিয়ার মধ্যে, আমরা আমাদের আনন্দ এবং শান্তি হারিয়ে ফেলি, এবং হে আমার বন্ধুরা, এটি হচ্ছে এমন একটি বিষয় যা ঈশ্বর সহ্য করতে পারে না।

ইস্রায়েলের লোকেরা এই অভিজ্ঞতা লাভ করেছিল যখন তারা মিশর দেশ ছেড়ে চলে আসছিল। ৪৩০ বছর ধরে সদাপ্রভুর কাছে ক্রন্দন করার পর, তাঁরা দিনের বেলায় মেঘস্তম্ভসহ এবং রাতের বেলায় অগ্নিস্তম্ভসহ ঈশ্বর কর্তৃক পরিচালিত হয়েছিল (যাত্রা ১৩:২১)। তারা আনন্দে পূর্ণ হয়েছিল এবং তাঁর নামের প্রশংসায় সমস্ত অধ্যায়টি উৎসর্গ করেছিল (১৫ অধ্যায়)। তারা নৃত্য



মেঘ এবং অগ্নিস্তম্ভ

করেছিল, গান গেয়েছিল, উল্লসিত হয়েছিল এবং উদযাপন করেছিল।

মনে রাখবেন, আপনি যখন ঈশ্বরের আরও কাছে আসবেন, শয়তান আপনার পথে বিভিন্ন চ্যালেঞ্জ এবং



তারা অভিযোগ করতে শুরু করেছিল

বিভ্রান্তি আনবে। তারা একটি চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছিল যখন তিন দিন তাদের পানীয় জল ছিল না (যাত্রা ১৫:২২), এবং তারা অভিযোগ করতে শুরু করেছিল। তারা ঈশ্বরের সমস্ত মঙ্গলভাবের কথা ভুলে গিয়েছিল যা তাদেরকে বন্ধন, অভিশাপ, এবং দাসত্বের বাইরে এনেছিল এবং তাদের স্বাধীন করেছিল। এটি সত্যিই অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে আমরা কত সহজেই ঈশ্বরের সমস্ত মঙ্গলভাবের বিষয়গুলি ভুলে যাই, আমাদের স্মৃতিশক্তি এতো কম।

তারা অভিযোগ করতে শুরু করেছিল (যাত্রা ১৫:২৪)। কতবার আমরা অভিযোগ করেছি, কতবার আমরা ঈশ্বরের মঙ্গলভাবের বিষয় ভুলে গিয়েছি।



সত্তরটি খেজুর গাছ সহ বারোটি কূপ

কেবল তিন দিন জল না পাওয়ার জন্য এবং তাদের প্রত্যাশাগুলো পূরণ না হওয়ার জন্য, তারা হতাশ হয়েছিল। হতাশা আনন্দ এবং শান্তি চুরি করে নেয়।

কিন্তু ঈশ্বরের পথগুলো আমাদের চিন্তার থেকে উচ্চতর এবং মহত্তর। তাদের অভিযোগগুলি সত্ত্বেও, ঈশ্বর কেবল একটি কূপ তৈরী করেননি, কিন্তু তিনি ইস্রায়েলীয়দের জন্য বারোটি কূপ তৈরী করেছিলেন (যাত্রাপুস্তক ১৫:২৭), আমার অনুমান বারোটি গোষ্ঠীর প্রত্যেকটির জন্য একটি করে। ঈশ্বর তাদের মধ্যে বিবাদের সম্ভাবনার বিষয়টি পূর্বেই বুঝেছিলেন এবং তাদের জন্য পর্যাপ্ত পরিমাণ জলের ব্যবস্থা করেছিলেন যাতে তারা সেই জলাশয়গুলোর পাশে তাদের শিবির

(ক্রমশঃ, ৮ পাতায়)


নহিমিয় বাইবেল কলেজ
সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম
মাধ্যম: তামিল

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)
৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Certificate in Ministry
Diploma in Theology

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন !

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
⋆ ONLINE CLASSES ARE AVAILABLE ⋆

## PLEASE PRAY FOR OUR MINISTRIES AT THE HEAD QUARTERS

1. Prayer Service : 24 hours
2. **BIBLECOR -** Bible Correspondence Courses : English, Tamil & Hindi
3. **ECHO OF HIS CALL** - Monthly Magazines : English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
4. Nehemiah Bible Colleges (Three Centres) (Evening / Residential)
5. Theological Correspondence Courses: English & Tamil
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools : 10.30 a.m. & 4.00 p.m. Sunday
13. **Tamil Service : 8.00 a.m. Sunday**
14. **Hindi Service : 4.00 p.m. Sunday**
15. **Telugu Service : 5.00 p.m. Sunday**
16. **English & Tamil Service : 6.00 p.m. Sunday**
17. Women's Prayer : 5.30 p.m. Wednesday
18. Men's Prayer : 7.00 p.m. Friday
19. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
20. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
21. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
22. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
23. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
24. Night Prayer : 9.30 p.m. Third Friday
25. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
26. Holy Communion : Second Sunday Services
27. Youth / Kid Prayer : 10.00 p.m. daily
28. Staff Devotion : 9.00 a.m. daily
29. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.


| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)



## চেন্নাই বাতি ঘর
## CHENNAI LIGHT HOUSE!

**আপনার জীবনের অন্ধকার শীঘ্রই উজ্বল আলোয় রূপান্তরিত হবে!**

বহু বছর আগে, আমার পরিচর্যা কাজে বিভিন্ন যন্ত্রণার দ্বারা আমি ভীষণভাবে প্রভাবিত হয়েছিলাম। সেই সময় আমার মনের মধ্যে অনেক প্রশ্ন ছিল। আমি ভেবেছিলাম আমি এই পৃথিবীর অন্য লোকদের মতো জীবন যাপন করতে পারতাম এবং আমার প্রভুর পরিচর্যা কাজে প্রবেশ করা উচিৎ ছিল না। আমি যদি তাই করতাম, তাহলে যারা আমার জীবনে বিভিন্ন সমস্যা তৈরী করেছিল তাদের বিরুদ্ধে আমি আমার নিজের উপায়ে এবং শক্তিতে প্রতিশোধ গ্রহণ করতে পারতাম। এছাড়াও, আমি আমার আর্থিক সমস্যাগুলি সংক্ষিপ্ত উপায়ে সমাধান করতে পারতাম। আমি অবাক হয়ে ভেবেছিলাম আমি কি নিজের ইচ্ছায় ঈশ্বরের পরিচারক হয়েছিনা কি আমার জীবনে এটা ঈশ্বরের আহ্বান ছিল।

এই চিন্তাগুলো মনের মধ্যে নিয়ে, আমি ১৯৭৬ সালে চেন্নাইয়ের মেরিনা সমুদ্র সৈকতের বাতিঘরে গিয়েছিলাম এবং সেখানে রাত ১০টা পর্যন্ত প্রার্থনায় মল্লযুদ্ধ করেছিলাম। সেই কঠিন সময়গুলোতে আমাকে সাহায্য করার জন্য কেউ ছিল না। সকলে আমাকে পরিত্যাগ করেছিল। আমার চোখ দুটো সেই লাইট হাউসের দিকে দৃঢ়নিবদ্ধ ছিল।



জাহাজগুলোকে সৈকতের দিকে আসতে পথ দেখানোর জন্য বাতিগুলোকে একটি নির্দিষ্ট গতিবেগে ঘোরানোর ব্যবস্থা করা হয়েছিল। আমি লক্ষ করেছিলাম বাতিটা প্রায় ১৫ সেকেণ্ডের মতো উজ্বলভাবে আলো দিচ্ছিল এবং পরবর্তী ১০ সেকেণ্ডের মতো মৃদু এবং অন্ধকারাচ্ছন্ন থাকছিল।

আমি যখন আলো এবং অন্ধকারের এই পরিবর্ত অবস্থাটা ক্রমাগত পর্যবেক্ষণ করছিলাম, আমি এক নতুন দৃষ্টিভঙ্গি লাভ করেছিলাম এবং আমি উৎসাহ অনুভব করেছিলাম। এছাড়াও, আমি ঈশ্বরের কাছ থেকে একটি স্পষ্ট বাণী লাভ করেছিলাম, যেখানে বর্ণনা করা হয়েছিল, "আপনার জীবনের অন্ধকার শীঘ্রই উজ্বল আলোয় রূপান্তরিত হবে।"

প্রিয় পাঠক, আপনি কি নিজেকে একটি মহা বিপদের মধ্যে দেখেছেন অথবা আপনি কি কোনও ভয়ঙ্কর যন্ত্রণার মধ্যে দিয়ে যাচ্ছেন? নিরুৎসাহিত হবেন না! আলো এবং অন্ধকার আসবে এবং যাবে,কিন্তু প্রভু যীশু খ্রীষ্ট সর্বদা একই থাকবেন। তিনি গতকাল, আজ, এবং চিরকাল একই থাকবেন। আমাদের পিতৃকুল, অব্রাহাম, ইসহাক, এবং যাকোবের ঈশ্বর,আপনার হাত ধরবেন,আপনাকে সুরক্ষিত করবেন এবং আপনাকে রক্ষা করবেন।

কেবল তাঁকে বিশ্বাস করুন!

*******

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)

স্থাপন করতে পারে।

আমরা যদি বাইবেলে দেখি, আমরা দেখতে পাবো যে সমস্ত মহান ঈশ্বরের লোকদের বিভিন্ন হতাশার মধ্যে দিয়ে যেতে হয়েছিল। ঈশ্বরের রাজ্যের অব্রাহাম, নোহ, যাকোব, শমূয়েল, এলি, হান্না, যিরমিয়, দাউদ, ইয়োব, নহিমিয়, পিতর, পৌল, এবং আরও অসংখ্য শক্তিশালী ব্যক্তিরা সকলেই হতাশা এবং ভগ্নতার অভিজ্ঞতা লাভ করেছিলেন। এই সমস্ত পরীক্ষাগুলির মাধ্যমে তাদের বিশ্বাস পরীক্ষিত হয়েছিল এবং পরিশুদ্ধ হয়েছিল, চূড়ান্তভাবে তারা বৃদ্ধির পথে পরিচালিত হয়েছিলেন এবং ঈশ্বরের উপর আরও গভীরভাবে আস্থা স্থাপন করেছিলেন। কিন্তু তাদের সমস্ত হতাশাগুলোর মধ্যে, ঈশ্বর তাঁর পরিকল্পনা সম্পূর্ণ করেছিলেন। তিনি এই বছরে আপনার জীবনেও একই জিনিস করতে সক্ষম। ঈশ্বরের একটি পরিকল্পনা আছে, এবং তিনি আপনার সমস্ত হতাশা এবং ভগ্নতা সত্ত্বেও এই পরিকল্পনাটি সম্পূর্ণ করবেন। আপনি কি আজ হতাশা অনুভব করছেন? আপনি কি আজ ভগ্নতা অনুভব করছেন? নিশ্চিত হন, ঈশ্বর দৃশ্যের নেপথ্যে কাজ করছেন। আশা হারাবেন না। তিনি তাঁর হাতের তালুর মধ্যে আপনাকে খোদাই করেছেন এবং তিনি আপনাকে ভুলে যাবেন না। তিনি আপনার জীবনে যা শুরু করেছেন তা তিনি সম্পূর্ণ করবেন।

### ৩। নিরুৎসাহ

আমাদের জীবন থেকে ঈশ্বরের মঙ্গলভাব চুরি করার জন্য শয়তান তৃতীয় যে অস্ত্রটি ব্যবহার করে সেটি হচ্ছে নিরুৎসাহ।

মার্থা এবং মরিয়ম যখন প্রভুর কাছে অভিযোগ করে বলেছিলেন, **"প্রভু, আপনি এখানে উপস্থিত থাকলে আমার ভাইয়ের মৃত্যু হত না"** (যোহন ১১:৩২), তখন আমরা এই বিষয়ে একটি উদাহরণ দেখতে পাই। কয়েক সময়, ঈশ্বর আমাদের জীবনে আমাদের প্রিয়জনকে হারানোর মতো বিভিন্ন ক্ষতির



*মার্থা এবং মরিয়ম যখন যীশু কাছে অভিযোগ করছেন*

অভিজ্ঞতা আসতে দেন। বিগত বছরে আমাদের মধ্যে কয়েক জন এর মধ্যে দিয়ে গেছেন, এবং এটি অবিশ্বাস্যভাবে নিরুৎসাহের বিষয়। আমরা প্রশ্ন করি ঈশ্বর কেন হস্তক্ষেপ করেননি, কেন তিনি আমাদের প্রার্থনার উত্তর দেননি। যাইহোক, বাইবেল আমাদের স্মরণ করিয়ে দেয় যে যীশু কেঁদেছিলেন। আমাদের এক মহাযাজক আছেন যিনি আমাদের ব্যথা-বেদনা, আমাদের চোখের জল এবং আমাদের মানসিক ভগ্নচূর্ণ অবস্থার কথা বুঝতে পারেন। **"কারণ আমাদের মহাযাজক এমন নন, যিনি আমাদের দুর্বলতায় সহানুভূতি দেখাতে অক্ষম; বরং আমরা এমন একজনকে পেয়েছি, যিনি আমাদেরই মতো সর্বপ্রকারে প্রলোভিত হয়েছিলেন, অথচ নিষ্পাপ থেকে গেছেন"** (হিব্রীয় ৪:১৫)।

আপনি যখন কাঁদেন তখন যীশুও কাঁদেন, তিনি একই বেদনা অনুভব করেন, তিনি আপনার পরীক্ষাগুলোর মধ্যে থাকেন কারণ তিনি জানেন যে এটি বিশ্বাস উৎপন্ন করে। সেইজন্য, নিরুৎসাহিত হবেন না। ঈশ্বর বেথেনীতে ফিরতে দেরী করেছিলেন কারণ তিনি আমাদের বিশ্বাস শক্তিশালী করতে চেয়েছিলেন এবং দেখাতে চেয়েছিলেন যে তিনি আমাদের জীবন রচনাকারী। তিনি ঘোষণা করেছিলেন, **"আমি পুনরুত্থান এবং জীবন..."** (যোহন ১১:২৫)। এইসত্যটি ব্যাখ্যা করে দেখানোর জন্য, কোনও একজন ব্যক্তির মৃত্যুবরণ করা প্রয়োজন ছিল—একজন ভাইয়ের, একজন বন্ধুর, একজন পুত্রের, একজন স্বামীর, একজন পিতার—যাতে তিনি আমাদের ধৈর্য্যের বিষয় শিক্ষা দিতে পারেন।

বাইবেল আমাদের উৎসাহিত করে যে **"যখনই আমরা বিভিন্ন পরীক্ষার সম্মুখীন হই, তখনই আমরা সেগুলিকে যেন নির্মল আনন্দের বিষয় বলে মনে করি কারণ আমরা জানি যে, আমাদের বিশ্বাসের পরীক্ষা ধৈর্য উৎপন্ন করে"** (যাকোব ১:২-৩)। সুতরাং আমাদের বিশ্বাস পরিত্যাগ করা উচিৎ নয়। আমরা পলায়নকারী নই!

এ বছর, আপনি যা কিছু অতীতে ত্যাগ করেছিলেন তা আপনাকে পুনরায় শুরু করতে সক্ষম করবেন। এটি হচ্ছে পুনর্গঠনের বছর, যেখানে আপনি অসমাপ্ত কাজগুলিকে সমাপ্ত হতে দেখবেন এবং সেগুলি আর অসমাপ্ত থাকবে না।

আপনার সমস্ত পরীক্ষা, পরাজয়, লজ্জা এবং ব্যর্থতাগুলির মধ্যে দিয়ে ঈশ্বর আপনার সঙ্গে গমন করছেন। তিনি হচ্ছেন চতুর্থ ব্যক্তি যিনি আপনার সঙ্গে অগ্নির মধ্যে দিয়ে হাঁটছেন। এটি হচ্ছে সেই বছর যেখানে আপনি আপনার ধৈর্যের ফল দেখতে পাবেন।

সুতরাং, প্রিয় ভাই এবং বোনেরা, আপনি যখন পরীক্ষাগুলোর এবং হতাশাগুলোর সম্মুখীন হবেন, যখন দুঃখ আপনার শান্তি এবং আনন্দ হরণ করে, এবং বিষয়গুলি পরিকল্পনামাফিক চলে না, তখন বিষয়গুলিকে নির্মল আনন্দের বিষয় হিসাবে বিবেচনা করবেন। এটাই বাইবেল আমাদের শিক্ষা দেয়। আমাদের একজন মহাযাজক আছেন যিনি আমাদের সঙ্গে এই সমস্ত বিষয়গুলির মধ্যে দিয়ে চলেন। আমার পাশেই, আপনার পাশেই অগ্নির মধ্যে আরেক জন ব্যক্তি দাঁড়িয়ে আছেন। এই সমস্ত কিছুর মধ্যে ঈশ্বরের মঙ্গলভাব আপনার জন্য শান্তি এবং আনন্দ আনে কারণ তিনি শান্তির রাজকুমার।



***Jesus Christ brings Peace and Joy!***

আপনি একা নন, এবং আপনাকে একা এর মোকাবিলা করতে হবে না।

প্রচেষ্টা পরিত্যাগ করবেন না, ধৈর্য ধরুন, এবং যেখানে আপনি পতিত হয়েছেন সেখান থেকে উঠে আসুন।

শয়তান আপনাকে মিথ্যা কথা বলে, তার কথা শুনবেন না। ঈশ্বর জানেন এবং তিনি সম্মতি দেন!

*******


# URGENT NEED

**VICE PRINCIPAL & TEACHERS for**

**ST. PAUL'S MATRICULATION SCHOOL,**
**An *Echo of His Call* Institution**
**Vijayanagaram, Medavakkam, Chennai - 100.**

We need well qualified, experienced, dedicated, hard working and mission oriented Christians.
Apply with Bio-data to
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

## জরুরী

আমাদের নহিমিয় বাইবেল কলেজের পাঠাগারের জন্য ১০০০ হিন্দি ভাষায় রচিত খ্রীষ্টীয় বইয়ের প্রয়োজন। আপনার পক্ষে এই হিন্দি বইগুলি জোগার করা সম্ভব হলে অনুগ্রহ করে আমাদের জানান।

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

## পাঠাগারের জন্য পুস্তক প্রয়োজন

আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেসন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির পাঠাগারের জন্য হিন্দি, তামিল এবং ইংরাজী বইয়ের প্রয়োজন। আপনার কাছে যদি নতুন অথবা পুরাতন বই ভালো অবস্থায় থাকে এবং আপনি যদি অনুদান হিসাবে দিতে চান, অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

Branch : Triplicane, Chennai-5
Name : S. Sam Selva Raj
A/C No. : 1023 2934 679
IFSC : SBIN 00 00 249
SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

Branch : Anna Salai, Chennai-6
Name : Echo of His Call
A/C No. : 6038 0502 2319
IFSC : ICIC 000 6038

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

Branch : Triplicane, Chennai-5
Name : Echo of His Call Educational Trust
A/C No. : 1023 2923 805
IFSC : SBIN 00 00 249

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at “Egmore RMS / 1 Patrika Channel”
on 13th JANUARY 2024
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**